

তারা এসেছিল

আহমেদ সাবের

গত রাতে এসেছিল তারা।
কেউই দেখেনি তবু, সবে জানে, এসেছিল তারা।

বন পারে কাশ বনে চিহ্ন আছে,
নদীর জলের ধারে, কাদাতেও চিহ্ন আছে,
হাটিয়া গিয়াছে তারা ঐ পথে, আলপথ ধরে।
কোথা হতে এলো তারা, মিলালো কোথায়
শরৎ মেঘের মতো? কেউতো জানেনা।

কেউই শুনেনি তবু, রটে গেছে, বলে গেছে তারা,
'মুক্তির সৈনিক মোরা, আসিয়াছি,
ঘরে ঘরে জেলে দিতে মুক্তির প্রদীপ।
দৃশ্যের অতীত মোরা, তবু জেনো, নিকটেই আছি।
ভয় নেই, আর ভয় নেই।'

কি অবাক দেখো, একটি রাতের মাঝে,
একটা অভয় বানী, বদলে দিয়াছে চালচিত্র।
কাল যারা ছিল নতজানু, ভয়ে মৃত প্রায় -
হানাদার, রাজাকার, 'বদরের' ভয়ে,
আজ তারা ভয়হীন,
যেমন সূর্যের তাপে উবে গেছে ভোরের কুয়াশা।
প্রানের অর্গল যেন খুলে গেছে, বাঁধ ভাংগা স্রোতের মতোন।
ঝজু দেহে, উচু মাথা ছুয়েছে আকাশ।

মুক্তির ছোঁয়ায় আজ আপামর জনতা জেগেছে,
লইতে মুক্তির স্বাদ বাংলার আকাশে বাতাসে।